৯৪০

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/ ২৭৫৮ তারিখঃ ০১ .১০.২০১৮খ্রিঃ

**বিষয়: পরিদর্শন পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসাটি অযপাড়াগায়ের ভিতরে হওয়ায় বর্তমান অবস্থান থেকে ৫০০ গজ দক্ষিণ পশ্চিমে ভূমি ক্রয় করে স্থানান্তর করার অনুমতি চেয়ে গভার্ণিং বডির সভাপতি আবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উল্লিখিত মাদ্রাসাটি সরজমিনে পরিদর্শন করে স্থানান্তরের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ...... (.........) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

01.10.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/ তারিখঃ .১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৪. সভাপতি, তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৫. সুপার, তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

F:\G\Admin\Shujan\2018\9. September\20.09.2018\Sunam-65

সূত্র ঃ লতা/০২/২০১৮ তারিখ ঃ ২৬/০৮/ ২০১৮

বরাবর,
পরিদর্শক
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয় ঃ মাদ্‌রাসার স্থান পরিবর্তন প্রসঙ্গে।**

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী অত্র মাদ্‌রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা চেয়ারম্যান, জামালগঞ্জ, সুনামগঞ্জ। আমার মাদ্‌রাসার শিক্ষার্থী বর্তমানে ৭০২ জন। প্রচুর শিক্ষার্থীর জন্য ভবন করার মত ভবন উপযোগী ভূমি নাই। অন্যদিকে মাদ্‌রাসাটি অয পাড়াগায়ের ভিতরে। মানসম্মত শিক্ষার পরিবেশ নাই। তাই মাদ্‌রাসাটিকে মানসম্মত উন্নয়ন করা যাইতেছে না। তাই মনোরম পরিবেশে ডি,সি,সি আর রাস্তার পাশে বর্তমান অবস্থানের প্রায় ৫০০ গজ দক্ষিনে পশ্চিমে কাংখিত পরিমাণ ভূমি ক্রয় করতঃ তথায় স্থান পরিবর্তন করা একান্ত প্রয়োজন। বিগত ২৭/০৭/২০১৮ ইং তারিখের ম্যানেজিং কমিটি এক সাধারণ সভায় বিষয়টি আলোচনা সাপেক্ষে এই সিদ্ধান্তে উপস্থিত হলে, মাদ্‌রাসাটি স্থানান্তর করার জন্য বিধি মোতাবেক মহোদয় বরাবরে আবেদন করিতেছি।

সেমতে মহোদয় সমীপে বিনীত প্রার্থনা যে, মাদ্‌রাসার ভবিষ্যৎ উন্নয়নে স্থান পরিবর্তন করার অনুমতি দানে বাধিত করিতে মর্জি হয়।

নিবেদক
২৬/০৮
আলহাজ্ব সামছুল আলম ঝুনু তালুকদার
সভাপতি
লক্ষীপুর তায়িদুল ইসঃ রহঃ দাখিল মাদ্‌রাসা
উপজেলা চেয়ারম্যান
জামালগঞ্জ, সুনামগঞ্জ।
01716-345185

২৬/০৮/১৮
মোহাম্মদ মোমতাজ উদ্দিন
সুপার / সম্পাদক
লক্ষীপুর তায়িদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্‌রাসা, কোড নং-১৪০৬২

নবীপুর তাহিদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদরাসা

# সভার মন্তব্য বহি

## Resolution Book ৩৪

আলহাজ্ব সামসুল আলম ঝুনু মিয়া তালুকদার।

মাদরাসার অফিস কক্ষ সময় : ৩.০০ ঘটিকা তারিখ : ২৭/০৭/২০১৮

সভাপতি মহোদয়।

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও দস্তখত/টিপসহি :

অদ্য ২৭/০৭/২০১৮ইং তারিখ রোজ শুক্রবার বেলা ৩.০০ ঘটিকার সময় নবীপুর তাহিদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির এক সাধারণ সভা মাদরাসার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন- আলহাজ্ব সামসুল আলম ঝুনু মিয়া তালুকদার সাহেব।

আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত:

১. বিগত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন।

২. মাদরাসার উন্নয়নে প্রয়োজনীয় ফ্যান ক্রয় এবং ক্রয়কৃত ফ্যান মাদরাসায় স্থানান্তর।

৩. বিবিধ।

উপস্থিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর:

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | আলহাজ্ব সামসুল আলম ঝুনু মিয়া তালুকদার | সভাপতি | |
| ২ | মো: আব্দুস সোবহান তালুকদার | সম্মানিত সদস্য | |
| ৩ | আনোয়ার হোসেন | " | আনোয়ার |
| ৪ | সদর উদ্দিন | " | সদর উদ্দিন |
| ৫ | মো: শুক্কুর আলী | " | মো: শুক্কুর আলী |
| ৬ | সুরুজ আলী | " | |
| ৭ | কল্পনা বেগম | " মহিলা | |
| ৮ | ইখতিয়ার উদ্দিন আহমদ | " | |
| ৯ | ওয়ালী উল্লাহ | শিক্ষক প্রতিনিধি | |
| ১০ | চিত্ত রঞ্জন দাস | " | |
| ১১ | সুপার অত্র মাদরাসা | সচিব | |

পর পৃষ্ঠায়

# সভার মন্তব্য বহি
## Resolution Book

সভাপতি ঃ

সভার স্থান ঃ সময় ঃ তারিখ ঃ

আহবায়ক ঃ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর/টিপসহি ঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য বৃন্দের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচনায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন মাদরাসার সুপার মহোদয়। এতে কোন সংশোধন নেই বলে সভায় সর্বসম্মতিক্রমে বিগত কার্য্যক্রম অনুমোদন দেওয়া হয়।

২নং আলোচনায় সভাপতি মহোদয় সভাকে জানান বর্তমানে আমাদের মাদরাসার ছাত্র-ছাত্রী সংখ্যা ৭০২ জন, শিক্ষক কর্মচারী সংখ্যা সরকারী বর্তমান নীতিমালা অনুযায়ী ২৫ জন, কর্মরত শিক্ষক কর্মচারী ১৩ জন। বাকী ১৩টি শূন্য পদ পর্যায়ক্রমে সরকারী নীতিমালা অনুযায়ী পূরন হবে। প্রচু[illegible] ছাত্র-ছাত্রী থাকায় তাদের বসার জায়গা সংকুলান হয় [illegible] তাই মান সম্মত পাঠদান ব্যাহত হচ্ছে। মান সম্মত শি[illegible] জন্য কম্পিউটার ল্যাব প্রয়োজন। তাই মানসম্মত ভবন নি[illegible] ও সরকারী ভবন এর জন্য আবেদন করা একান্ত প্রয়োজন। কিন্তু কাংখিত পরিমান ভবন উপযোগী ভূমি না থাকায়, ভবন নির্মান করা ও সরকারী ভবন পাওয়া যাইতেছে না। তাই কাংখিত পরিমান কমপক্ষে ৭৫ শতক ভূমি ক্রয় করা একান্ত প্রয়োজন। অন্যদিকে বর্তমান মাদরাসাটি অজপাড়া গাঁয়ের ভিতর। দক্ষিন পূর্ব দিকে বাড়ী-ঘর থাকায় বিভিন্ন ময়লা আবর্জনা ও পচা গোবরের দুর্গন্ধ, ভাগে, পশ্চিমে কবর স্থান, উত্তরে মসজিদ ও মসজিদের পুকুর থাকায়, কোন দিকেই শিক্ষার্থীরা মান সম্মত লেখা-পড়ার পরিবেশ পাইতেছে না। জায়গার স্বল্পতার কারনে ছাত্র-ছাত্রীদের খেলার মাঠ নাই। বিশেষ করে ছাত্রী-

পর পৃষ্ঠায়:

সভা মন্তব্য বই
Resolution Book

সভাপতি :
সভার স্থান : সময় : তারিখ :
আহবায়ক :

সভার উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর/টিপসহি :

দের পৃথক কোটা পারের আয়োজন করা যাইতেছে না। তাই ডি.সি. সিআর আরো রাস্তার পাশে আবশ্যিক পরিমান ভূমি নিজ অর্থায়নে ক্রয় করা একান্ত প্রয়োজন। যেখানে মনোরম ও মানসম্মত পরিবেশে মাদরাসাটি স্থানান্তর করা যায়। সভায় সর্বসম্মতিক্রমে উল্লেখিত সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে আবশ্যিক পরিমান ভূমি ক্রয় করার জন্য সভাপতি মহোদয় কে ক্ষমতা প্রদান করা হয়। মাদরাসার উন্নয়নের জন্য তথায় মাদরাসাটি স্থানান্তর করার প্রয়োজনীয় আয়োজন গ্রহণের জন্য সভাপতি মহোদয় কে অনুরূপ ক্রমে দায়িত্ব দেওয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানীত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

[স্বাক্ষর]
মোঃ হাম্মাদ মোমতাজ উদ্দিন
সুপার / সম্পাদক
লক্ষীপুর তায়িদুল ইসলাম রায়মানিয়া
দাখিল মাদরাসা, কোড নং-১৪০৬২

[স্বাক্ষর] 29/09/18
আলহাজ্ব সামছুল আলম মুনু তালুকদার
সভাপতি
লক্ষীপুর তায়িদুল ইসঃ রঃঃ দাখিল মাদ্রাসা
পোঃ মোহনপুর, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা -১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 8616681, 8620841, 8620780

নং-বামাশিবো/প্রশা/৩০৭৩/নথি নং- সুনাম - ৬৫ তারিখঃ ১৮/১২/২০১৬খ্রিঃ

## প্রজ্ঞাপন

জেলা: সুনামগঞ্জ উপজেলা/থানা: জামালগঞ্জ ডাকঘর: গোবিন্দপুর এর অধীন লক্ষীপুর তৈয়বীয়া ইসলামিয়া দাখিল মাদরাসা পরিচালনার জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিংবডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে গঠিত সভাপতি মনোনয়নসহ গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি মনোনয়নসহ গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি ১ম সভা অনুষ্ঠানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য অনুমোদন দেয়া হলো।

| ক্রমিক | নাম | সদস্যের ধরন |
|---|---|---|
| ১ | জনাব আলহাজ্ব মাহমুদুল আলম চৌধুরী অনুমোদিত | সভাপতি |
| ২ | " সুপার এর নাম | সদস্য সচিব |
| ৩ | " মোঃ আব্দুস সোবহান তালুকদার | সদস্য |
| ৪ | " মোঃ আব্দুল হেকিমুল | সদস্য |
| ৫ | " মোঃ ফরিদ আলী | সদস্য |
| ৬ | " মোঃ উরুজ আলী | সদস্য |
| ৭ | " মোঃ মহিউদ্দিন | সদস্য |
| ৮ | " মুজাম্মিল হোসেন | সদস্য |
| ৯ | " মোঃ ওয়ালী উল্লাহ | সদস্য |
| ১০ | " চিত্তরঞ্জন দাস | সদস্য |
| ১১ | | সদস্য |
| ১২ | | সদস্য |
| ১৩ | | সদস্য |

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

ক. মাদরাসার স্বার্থ পরিপন্থী কর্মকান্ডের জন্য প্রবিধানমালা ২০০৯ এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে এ কমিটি যে কোন সময় বাতিল করা যাবে।

খ. বর্তমান কমিটির সময়সীমার মধ্যে বিধি মোতাবেক পরবর্তী নিয়মিত গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

গ. **কমিটি অনুমোদনের প্রজ্ঞাপন জারির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রবিধান ৩৩(১) অনুসারে ১ম সভা অনুষ্ঠান করতে হবে। উক্ত সভায় ০১জন শিক্ষানুরাগী ব্যক্তিকে বিদ্যোৎসাহী সদস্য হিসাবে কো-অপ্ট করে বোর্ডকে অবহিত করতে হবে।**

ঘ. অনুমোদিত কমিটিকে বোর্ড ও সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুসারে কার্যক্রম পরিচালনা করতে হবে।

মোঃ মোমতাজ উদ্দিন
সুপার / সম্পাদক
লক্ষীপুর তৈয়বীয়া ইসলামিয়া দাখিল মাদরাসা

পক্ষে- রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

১৮/১২/১৬

নং-বামাশিবো/প্রশা/৩০৭৩/নথি নং- সুনাম - ৬৫ তারিখঃ ১৮/১২/২০১৬খ্রিঃ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ</u>

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. জেলা প্রশাসক: সুনামগঞ্জ।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট।
৪. উপজেলা নির্বাহী অফিসার: জামালগঞ্জ।
৫. জেলা শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার।
৬. সভাপতি গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি লক্ষীপুর তৈয়বীয়া ইসলামিয়া দাখিল মাদরাসা।
৭. অধ্যক্ষ/সুপার মাদরাসা।
৮. ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক: শাখা।
৯. অফিস কপি।

পক্ষে- রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

১৮/১২/১৬

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
website : www.bmeb.gov.bd

নং রিক/নবায়ন/সুনামগঞ্জ-জামালগঞ্জ-৬৬/ তারিখঃ / /২০১৭ খ্রিঃ।

## অফিস আদেশ

সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন লক্ষীপুর তায়িদুল ইসলাম রহমানিয়া দাখিল মাদরাসার দাখিল স্বীকৃতির মেয়াদ নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে ০১-০১-২০১৭ হতে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত ৪ (চার) বছরের জন্য বৃদ্ধি করা হলো। মাদরাসার CODE-14062 ও EIIN -129994

**পালনীয় শর্তাবলী:-**

১. মন্ত্রণালয়ের নির্দেশ অথবা অন্য কোন ভাবে স্বীকৃতি স্থগিত বা বাতিল না হওয়া সাপেক্ষে মাদরাসা প্রধানের দরখাস্তের পরিপ্রেক্ষিতে দাখিল স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো। মাদরাসাটির স্বীকৃতি স্থগিত বা বাতিল হয়ে থাকলে স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত এ অফিস আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
২. পাঠাগারে অন্যূন ২০০০ খানা বই থাকতে হবে এবং বর্তমান নবায়ন মেয়াদে আরও ১০,০০০.০০ টাকার বই ক্রয় করতে হবে।
৩. মাদরাসার সকল শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগত মান সন্তোষজনক হতে হবে।
৪. মাদরাসায় সহশিক্ষা ব্যবস্থা চালু থাকলে ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৫. জনবল কাঠামোর নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী আগামী তিন মাসের মধ্যে বিদ্যমান সকল শুন্য পদে শিক্ষক/শিক্ষিকা এবং কর্মচারী নিয়োগ সম্পন্ন করতে হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. মাদরাসা বোর্ডের পাবলিক সমাপনী ৫ম, জেডিসি (৮ম) পরীক্ষায় অংশ গ্রহণ ও ফলাফল সন্তোষজনক হতে হবে।
৮. মাদরাসার স্তরভেদে ক্যাম্পাসে ২৫০ থেকে ৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৯. প্রত্যেক শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
১০. বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি/ গভর্ণিং বডি গঠন করতে হবে/ থাকতে হবে।

৬/৩/১৭
(মোঃ আবুল বাসার)
মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৮/৩/১৭

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক,
লক্ষীপুর তায়িদুল ইসলাম রহমানিয়া দাখিল মাদরাসা
পোঃ গোলকপুর, উপজেলা-জামালগঞ্জ, জেলা- সুনামগঞ্জ।

নং রিক/নবায়ন/সুনামগঞ্জ-জামালগঞ্জ-৬৬/ ৪৮-২/১৭ তারিখঃ ৮ /৩ /২০১৭ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. মহা-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৬. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৭. উপজেলা নির্বাহী অফিসার/সভাপতি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮. রেকর্ড কিপার, মঞ্জুরী শাখা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ কপি।

৮/৩/১৭
(মোঃ হোসেন)
উপ-মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৮/৩/১৭